

## হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ শুভাশুভ, সাজসজ্জা, পানাহার ও বিবিধ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২৯. নখ কাটার নিয়মকানুন

নিয়মিত নখ কাটা ইসলামের অন্যতম বিধান ও সুন্নাত। নখ কাটার জন্য কোন নির্ধারিত নিয়ম বা দিবস রাসূলুল্লাহ শুদ্ধি শিক্ষা দেন নি। বিভিন্ন গ্রন্থে নখ কাটার বিভিন্ন নিয়ম, উল্টোভাবে নখ কাটা, অমুক নখ থেকে শুরু করা ও অমুক নখে শেষ করা, অমুক দিনে নখ কাটা বা না কাটা ইত্যাদির ফযীলত বা ফলাফল বর্ণনা করা হয়েছে। এগুলো সবই পরবর্তী যুগের প্রবর্তিত নিয়ম। মুহাদ্দিসগণ একমত যে, এ বিষয়ে যা কিছু প্রচলিত সবই বাতিল ও বানোয়াট।

নখ কাটার জন্য এ সকল নিয়ম পালন করাও সুন্নাত বিরোধী কাজ। রাসূলুল্লাহ (ৣৄৄৄৄ ) নখ কাটতে নির্দেশ দিয়েছেন। কোন বিশেষ নিয়ম বা দিন শিক্ষা দেন নি। কাজেই যে কোনভাবে যে কোন দিন নখ কাটলেই এ নির্দেশ পালিত হবে। কোন বিশেষ দিনে বা কোন বিশেষ পদ্ধতিতে নখ কাটার কোন ফযীলত কল্পনা করার অর্থ রাসূলুল্লাহ (ৣৄৄৄ )-এর শিক্ষাকে অপূর্ণ মনে করা এবং তাঁর শিক্ষাকে পূর্ণতা দানের দু:সাহস দেখান। আল্লাহ আমাদেরকে সহীহ সুন্নাতের মধ্যে জীবন যাপনের তাওফীক প্রদান করেন।

## ফুটনোট

[1] দেখুন: সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ৩১৩, ৪২১ নং ৭৭২, ১১৬৩, মুল্লা আলী কারী, আল-আসরার, পৃ: ১৭০, ২৪১, নং ৬৫৪, ৯৫২, আল-মাসনূ'য়, পৃ: ৯৯, ১৫৬, নং ২১৫, ৩৫৭, যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পৃ: ১৪৬, ১৮৮, নং ৭১৬, ১০৬৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5027

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন